

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেক্বি) নবাব সিরাজউদ্দৌলা হল ও কৃষকরত্ন শেখ হাসিনা হলের উর্ধ্বমুখী সম্প্রসারণকাজ শেষ। বাকি কাজটুকু শেষ হলেই ওই দুই হলে ১২ শতাধিক শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা সন্তোষ। এতে দুই-তিন বছর ধরে গণরামে অবস্থান করার ভোগান্তি থেকে রক্ষা পাবে শিক্ষার্থীরা। কিন্তু ওই সামান্য কাজটুকু শেষ করার কার্যক্রম চলছে খুঁড়িয়ে। গা-ছাড়া ভাব প্রশাসনেও। শিক্ষার্থীদের মাঝে হল বরাদ্দে চলছে গড়িমসি। এ অবস্থায় দীর্ঘায়িত হচ্ছে শিক্ষার্থীদের ভোগান্তি।

আবাসন সংকটের কারণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-ছাত্র কেন্দ্রের (টিএসসি) নির্মাণাধীন ভবনে গত বছরের শুরু থেকেই শতাধিক শিক্ষার্থী অস্বাস্থ্যকর পরিবেশে অবস্থান করছে। এ বছর যোগ হয়েছে শতাধিক নবীন শিক্ষার্থী।

নবাব সিরাজউদ্দৌলা হলের এ-ব্লকে আটটি ও বি-ব্লকে পাঁচটি করে নতুন ফ্লোর নির্মাণ করা হয়েছে। ১৩টি ফ্লোরের প্রতিটিতে রয়েছে ১৪টি কক্ষ। প্রতিটি কক্ষে চারজন করে শিক্ষার্থীকে আবাসন সুবিধা দেওয়ার কথা রয়েছে। সে হিসাবে এই হলে ৭২৮ জন শিক্ষার্থী আবাসন সুবিধা পাবে। আর কৃষকরত্ন শেখ হাসিনা হলে নবনির্মিত পাঁচটি ফ্লোরে আবাসন সুবিধা পাবে ৪৮০ জন শিক্ষার্থী।

সরেজমিনে দেখা যায়, প্রায় সব কাজই শেষ হয়েছে। কিছু কক্ষে ধীরগতিতে চলছে টাইলস বসানোর কাজ। এখন শুধু খাট ও পড়ার টেবিলের ব্যবস্থা করলেই শিক্ষার্থীদের হলের কক্ষ হস্তান্তর করা যায়।

নবাব সিরাজউদ্দৌলা হলের প্রশাসনিক এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে কালের কঠিনে বলেন, সব কাজ সম্পন্ন। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতাদের বিভিন্ন গ্রন্থপের মধ্যে সিট বণ্টন নিয়ে সমরোতা না হওয়ায় খাট ও পড়ার টেবিলের ব্যবস্থা করা হয়নি। এটা করলে বিভিন্ন গ্রন্থ সিট দখল করতে সংঘর্ষে লিঙ্গ হতে পারে। প্রশাসন চাচ্ছে ছাত্রলীগের গ্রন্থগুলো নিজেদের মধ্যে সমরোতায় আসুক। আর তাহলে শান্তিপূর্ণভাবে সিট বণ্টন করা যাবে।

এ বিষয়ে ওই হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ ইচ্ছাক বলেন, ‘হলের নির্মাণ কাজ এখনো শেষ হয়নি। তাই শিক্ষার্থীদের মাঝে হল বরাদ্দ দেওয়া হয়নি।’

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রন্থ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com